

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবার পরিকল্পনা অধিদপ্তর  
পরিকল্পনা ইউনিট  
৬, কাওরানবাজার, ঢাকা।

স্মারক নং : পপঅ/পরি/এনজিও নীতিমালা /০১/০৪/ ৩৬৯

তারিখ : ২১/০৭/২০১৭ খ্রিঃ

অসরকারী সংস্থার অধিভুক্তি নবায়ন নীতিমালা

পরিবার পরিকল্পনা, মা-শিশু ও কিশোর কিশোরীদের স্বাস্থ্য সেবা এবং পুষ্টি কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট বেসরকারী ও স্বেচ্ছাসেবী সংস্থা সমূহকে নিম্নোক্ত শর্তাদি পূরণ সাপেক্ষে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অধিভুক্তি নবায়ন করা হবে।

শর্তসমূহ :

১ সকল অসরকারী সংস্থাকে অধিভুক্তি নবায়নের জন্য সংশ্লিষ্ট উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার মাধ্যমে সংস্থার নিজস্ব প্যাডে অধিদপ্তরের নির্ধারিত আবেদন ফরম অনুযায়ী মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর বরাবর আবেদন করতে হবে। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা অধিভুক্তি নবায়নের জন্য আবেদনকারী অসরকারী সংস্থাটির সকল কাগজ পত্র (ফরমেট অনুযায়ী সংস্থার আবেদন, গঠনতন্ত্র, সর্বশেষ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নির্বাহী কমিটির তালিকা, কার্যক্রম মূল্যায়ন প্রতিবেদন, অধিভুক্তি নবায়ন কমিটির সুপারিশ, অধিভুক্তি নবায়নের ফি হিসেবে প্রাপ্ত ট্রেজারী চালনের কপি, অর্থায়ন সংক্রান্ত তথ্য, পূর্ববর্তী এক বছরের নিরীক্ষা প্রতিবেদন) সংযুক্ত করে অধিভুক্তি নবায়নের পক্ষে/বিপক্ষে সুস্পষ্ট মতামতসহ সংশ্লিষ্ট জেলার উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা বরাবর প্রেরণ করবেন এবং উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর বরাবর প্রেরণ করবেন। সংশ্লিষ্ট জেলার উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা'র মাধ্যম/সুপারিশ ব্যতিত কোন সংস্থা অধিভুক্তিকরণের জন্য অধিদপ্তরের সাথে সরাসরি যোগাযোগ গ্রহণযোগ্য হবে না।

২। আবেদনকারী সংস্থাকে সমাজকল্যাণ অধিদপ্তর/এনজিও বিষয়ক ব্যুরো/রেজিস্টার জয়েন্ট স্টক কোম্পানির (যে কোন একটি প্রতিষ্ঠান) হতে নিবন্ধিত হতে হবে। আবেদনের সাথে কমপক্ষে যে কোন একটি নিবন্ধন সনদের সত্যায়িত ছায়াকপি সংযুক্ত করতে হবে।

৩। সংস্থার কার্যক্রম পরিচালনার জন্য দাতা সংস্থা কর্তৃক দেয় অঙ্গীকার পত্রে (commitment for fund) অর্থের পরিমাণ ও সহযোগিতার মেয়াদ উল্লেখ করতে হবে। দাতা সংস্থার অঙ্গীকার না থাকলে নিজস্ব অর্থায়নের ক্ষেত্রে অর্থের উৎস সম্বলিত সকল প্রমাণাদি এবং সংস্থার পরিচালনা ব্যয় নির্বাহের খাতওয়ারী বিবরণ ও হালনাগাদ ইটিআইএন (E-TIN) নম্বরের সনদ পত্র দাখিল করতে হবে।

৪। ক্লিনিক্যাল কার্যক্রম পরিচালনার জন্য আবেদনকারী সংস্থাটিকে ০২ (দুই) বছরের জন্য ক্লিনিক প্রতি নবায়ন ফি বাবদ ২০০০/- টাকা ও সিবিডি কার্যক্রম পরিচালনার জন্য জেলাভিত্তিক ১০০০/- (এক হাজার) টাকা ট্রেজারী চালানের কোড নং ১-২৭৮১-০০০০-১৮৩৬ এ জমাদান পূর্বক জমার স্বপক্ষে স্থানীয় ট্রেজারী প্রত্যয়ন পত্র গ্রহণ করে (সিটিআর) সংশ্লিষ্ট উপজেলার উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ছায়ালিপি আবেদন পত্রের সাথে সংযোজন করতে হবে।

৫। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সাথে অধিভুক্তির পর কোন অসরকারী সংস্থা তার এলাকা সম্প্রসারণ কিংবা নতুন ক্লিনিক পরিচালনা করতে চায়, সেক্ষেত্রে বিদ্যমান নীতিমালা অনুযায়ী অনুমোদন নিতে হবে। এক্ষেত্রে ইতোপূর্বে অনুমোদিত কর্ম এলাকা বা ক্লিনিকের মেয়াদের সাথে সামঞ্জস্য রেখে নতুন অনুমোদনের সময়কাল সমন্বয় করা হবে।

৬। আবেদনপত্রের সাথে সংস্থার অগ্রীম ০২ বছরের সেবা ভিত্তিক কর্মপরিকল্পনা পরিবার পরিকল্পনা অধিদপ্তরের বিদ্যমান নীতিমালার সাথে সামঞ্জস্য রেখে দাখিল করতে হবে। সেইসাথে সংস্থার মাসিক প্রাক্কলিত জন্মনিরোধক দ্রব্য সামগ্রীর পদ্ধতি ভিত্তিক চাহিদার পরিমাণ উল্লেখ করতে হবে।

১০

১

৭। অধিভুক্তি কিংবা অধিভুক্তি নবায়নের মেয়াদ শেষ হবার ন্যূনতম ৪ মাস আগে পুনরায় অধিভুক্তি নবায়নের জন্য সংস্থাটিকে মহা-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর বরাবর সংশ্লিষ্ট উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে সংস্থার কার্যক্রম মূল্যায়ন প্রতিবেদন এবং প্রয়োজনীয় তথ্যাদিসহ আবেদনপত্র দাখিল করতে হবে। সংশ্লিষ্ট উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় হতে ১ মাসের মধ্যে জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় এবং জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় ২ মাসের মধ্যে (ক্লিনিক্যাল কার্যক্রমের ক্ষেত্রে জেলা টেকনিক্যাল কমিটির কার্যবিবরণীসহ) নবায়নের সকল তথ্যাদি পরিবার পরিকল্পনা অধিদপ্তরে অধ্যয়ন করবেন। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিকল্পনা ইউনিট ১ মাসের মধ্যে অনুমোদন প্রক্রিয়া সমাপ্ত করবে। তবে সংস্থাটি যদি সময়মত আবেদন করতে ব্যর্থ হয়, তবে প্রতি মাসের জন্য ক্লিনিক প্রতি নবায়ন ফি'র এক চতুর্থাংশ (৫০০/- টাকা) বিলম্ব ফি (late fee) প্রদান করতে হবে।

৮। অধিভুক্তির পর যদি কোন সংস্থা এলাকা সম্প্রসারণ বা নতুন ক্লিনিক পরিচালনা করতে চায়, তাহলে নবায়নের জন্য আবেদনের সময় সুনির্দিষ্টভাবে তা উল্লেখ করতে হবে। কমিউনিটি বেইজড ডিস্ট্রিবিউশন (সিবিডি) কার্যক্রমের জন্য সংশ্লিষ্ট উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক সুপারিশকৃত ও সংশ্লিষ্ট উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা কর্তৃক অনুমোদিত নিম্নলিখিত ছক অনুযায়ী এলাকা বরাদ্দপত্র (ক্লিনিক্যাল কার্যক্রম পরিচালনাকৃত কোন সংস্থার যদি সিবিডি কার্যক্রম পরিচালনা করতে চায় তার ক্ষেত্রেও প্রযোজ্য হবে) প্রেরণ করতে হবে। যে সব এলাকা বন্টন করা হবে সেখানে FWA'র নির্দিষ্ট এলাকা কেন বন্টন করা হলো তার যৌক্তিকতা উল্লেখ করতে হবে। সংস্থার বাড়ী পরিদর্শনভিত্তিক সেবা (domiciliary service) দেয়ার অঙ্গীকারপত্র আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

জেলা/ উপজেলার নাম	সিটি কর্পোরেশন/ পৌরসভা/ ইউনিয়নের নাম	ওয়ার্ড/ ইউনিটের নম্বর	এনজিও কর্মীর নাম	গ্রামের নাম	সংস্থার মাঠকর্মীকে দেয়ার যোগ্য সক্ষম দম্পতির সংখ্যা	FWA'র সক্ষম দম্পতির সংখ্যা	সংশ্লিষ্ট এলাকার মোট সক্ষম দম্পতির সংখ্যা

৯। বন্টনকৃত এলাকায় একের অধিক কোন অসরকারী সংস্থাকে কাজ করতে দেয়া যাবে না। তবে জনসংখ্যা ও সেবা চাহিদার পরিপ্রেক্ষিতে এবং স্থানীয় কর্তৃপক্ষের বিবেচনাক্রমে, জনসংখ্যা ৬০০০ (ছয় হাজার) এর অধিক হলে একাধিক ক্লিনিক/ সংস্থা থাকতে পারে।

১০। ক) সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়নে অসরকারী সংস্থা সমূহের পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অধীনে সিবিডি কার্যক্রম পরিচালনার জন্য অধিভুক্তি নবায়নের ক্ষেত্রে, সুপারিশ করার পূর্বে নিম্নোক্ত কমিটি সংশ্লিষ্ট সংস্থার কার্যক্রম সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রতিবেদন দাখিল করবেনঃ

❖ উপজেলা পর্যায়ে অবস্থিত পৌরসভা এবং ইউনিয়নে সিবিডি কার্যক্রম পরিচালনার জন্য অধিভুক্তি নবায়নের কমিটিঃ

- ক. উপজেলা নির্বাহী কর্মকর্তা - সভাপতি
- খ. মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) - সদস্য
- গ. সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা - সদস্য
- ঘ. সহকারী পরিবার কল্যাণ কর্মকর্তা (এমসিএইচ-এফপি) - সদস্য
- ঙ. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা - সদস্য সচিব।

❖ সিটি কর্পোরেশন এবং জেলা সদরে অবস্থিত পৌরসভায় সিবিডি কার্যক্রম পরিচালনার জন্য অধিভুক্তি নবায়নের কমিটি :

- ক. উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা - সভাপতি।
- খ. সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা - সদস্য।
- গ. সহকারী পরিচালক, (সিসি) - সদস্য।
- ঘ. মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), সদর/ সংশ্লিষ্ট উপজেলা - সদস্য।
- ঙ. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর/ সংশ্লিষ্ট উপজেলা - সদস্য সচিব।

